**17 E—MBEN**

**2017**

BENGALI

( Modern Indian Language )

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কবি মধুসূদন দত্তের জন্ম কোন্ গ্রামে হয়েছিল?

(খ) 'আঠারো বছর বয়স' কবিতাটি কবি সুকান্ত ভট্টাচার্যের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) 'চাঁদের পাহাড়' কার লেখা?

(ঘ) 'ফিন্‌ল্যাণ্ডে' অমিয় চক্রবর্তীর কোন্ গ্রন্থের অন্তর্গত?

(ঙ) জয়কালী দেবীর সবচেয়ে যত্নের ধন কী ছিল?

(চ) 'মধু বাতা ঋতায়তে' পাঠটির লেখক কে?

(ছ) কত সালে ভারতবর্ষে সুনামি হয়েছিল?

(জ) 'সাজঘর' নাটকের নায়কের নাম কী?

(ঝ) মাকালের আসল নাম কী?

(ঞ) স্বপনবুড়ো কার ছদ্মনাম ছিল?

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৩=৬

(ক) ''নিকটে রাখিহ ধেনু পুরিহ মোহন বেণু''

'ধেনু' ও 'বেণু' শব্দের অর্থ লেখো।

(খ) জয়কালীর দুই ভাইপোর নাম লেখো।

(গ) 'অভিসার সংসদ'-এর পক্ষ থেকে কোন্ নাটক অভিনয়ের কথা হয়েছিল? তার প্রেসিডেন্টের নাম কী?

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) ''আঠারো বছর বয়স যে দুর্বার''

কবি এ সময়টিকে দুর্বার বলেছেন কেন?

(খ) বাল্যলীলা পদটিতে যশোদা কানাইকে কীভাবে পথ হাঁটতে অনুরোধ করেছেন?

(গ) 'ধরায় দেবতা চাহি' কবিতায় দধীচি মুনির প্রসঙ্গ কীভাবে এসেছে, লেখো।

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) অমিয় চক্রবর্তীর অনুসরণে ফিনদের ব্যবসায়িক বুদ্ধির পরিচয় দাও।

(খ) শঙ্কর অন্ধকারে পথ চলার সময় কীভাবে অজগরের দেখা পেয়েছিল এবং কীভাবে বেঁচে গিয়েছিল?

(গ) অল্পকথায় জয়কালী দেবীর চেহারার বর্ণনা দাও।

৫। যে কোনো **একটির** উত্তর দাও : ৪

(ক) ঈশ্বরচন্দ্রের জন্মের পর তাঁর পিতামহ ঠাট্টা করে কী বলেছিলেন? তাঁর এরকম উক্তির কারণ বিশ্লেষণ করো।

(খ) সিবেলিউস কে? তিনি কিসের স্রষ্টা? তার বৈশিষ্ট্য কী?





৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৫+৫=১০

(ক) 'অনধিকার প্রবেশ' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

*অথবা*

আত্তিলিও গাত্তির করুণ পরিণতির পরিচয় দাও।

(খ) কবি পৃথিবীতে দেবতার প্রয়োজন সম্পর্কে কী বলেছেন, তোমার নিজের ভাষায় লেখো।

*অথবা*

'আত্মবিলাপ' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৭। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪+৪=৮

(ক) কত সালে IDNDR গঠিত হয়? এর পুরো নাম কী? এর দ্বারা কী কী কাজ হয়?

*অথবা*

ভূমিকম্প চলাকালীন বাড়ির বাইরে থাকলে কী কী করা উচিত? তার অন্তত চারটি উল্লেখ করো।

(খ) ''অরণ্যধ্বংস মানে মানুষের ব্যাপক ক্ষতি; ক্ষতি বিশ্বপ্রাণ ব্যবস্থার।'' লেখকের এমন মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।

*অথবা*

''বিশ শতকের প্রযুক্তিগত ভুলের মাশুল দিচ্ছে মানুষ নিজেই।'' ব্যাখ্যা করো।

৮। ব্যাখ্যা করো : ৫×২=১০

(ক) হায় রে, ভুলিবি কত আশার কুহক ছলে?

*অথবা*

তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি

(খ) অপরাজেয় ফিন্‌ল্যাণ্ডের জয় হোক!

*অথবা*

এই দয়াময়ীর সৌম্যমূর্তি, আমার হৃদয়মন্দিরে, দেবীমূর্তির ন্যায় প্রতিষ্ঠিত হইয়া বিরাজমান রহিয়াছে।

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) 'সাজঘর' নাটকের নায়ক চরিত্রটি বর্ণনা করো।

(খ) মাকাল চরিত্রটি আলোচনা করো।

(গ) 'অভিসার সংসদ'-এর পক্ষ থেকে আগত নাট্যদলের আচার-ব্যবহার কথা-বার্তার পরিচয় দাও।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও :

(ক) ণত্ববিধি ও ষত্ববিধির সূত্র নির্দেশ করে অশুদ্ধি সংশোধন করো (যে কোনো চারটি) : ১×৪=৪

গুন ; ঋসভ ; ভূসণ ; প্রনাম ; পরমানু ; রামায়ন।

(খ) যে কোনো পাঁচটির কারক-বিভক্তি নির্ণয় করো : ১×৫=৫

*(i)* ভগবানকে <u>ডাক</u>।

*(ii)* <u>দিসপুর</u> অসমের রাজধানী।

*(iii)* এ <u>কলমে</u> ভালো লেখা হয়।

*(iv)* <u>ভিখারিকে</u> টাকা দাও।

*(v)* <u>তিল</u> থেকে তেল হয়।

*(vi)* <u>রাম</u> স্কুলে যায়।





(গ) চলিত ভাষায় রূপান্তরিত করো : ১×৫=৫

*(i)* রংলাল হাটে প্রবেশ মুখেই অবাক হইয়া দাঁড়াইয়া গেল।

*(ii)* বালকটি অবাক হইয়া চারিদিকে চাহিয়া চাহিয়া দেখিতেছিল।

*(iii)* সকলে একসঙ্গে আগাইয়া আসিয়া নবীন পালিতের মুখের দিকে চাহিয়া রহিল।

*(iv)* সে বইখানা ছুঁড়িয়া ফেলিয়া দিল।

*(v)* আমি তো তাহার সহিত একপ্রকার আড়ি করিয়াছি।

(ঘ) নিম্নলিখিত শব্দগুলির থেকে যে কোনো পাঁচটির দুটি করে সমার্থক শব্দ লেখো : ১×৫=৫

দিন ; মাটি ; পৃথিবী ; আকাশ ; রাজা ; তনয়।

১১। (ক) ভাব সম্প্রসারণ করো : ৬

বিন্দু বিন্দু বৃষ্টি, পুকুরের সৃষ্টি।

*অথবা*

চকচক করলেই সোনা হয় না।

(খ) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : ৫

চলো নামি, আষাঢ় আসিয়াছে—চলো নামি, আমরা ক্ষুদ্র ক্ষুদ্র বৃষ্টিবিন্দু, একা একজন যুথিকাকলির শুষ্ক মুখও ধুইতে পারি না—মল্লিকার ক্ষুদ্র হৃদয় ভরিতে পারি না। কিন্তু আমরা সহস্র সহস্র, লক্ষ লক্ষ, কোটি কোটি—মনে করিলে পৃথিবী ভাসাই। ক্ষুদ্র কে?

দেখো, যে একা, সেই ক্ষুদ্র, সেই সামান্য। যাহার ঐক্য নাই, সেই তুচ্ছ। দেখো ভাইসকল, কেহ একা নামিও না। অর্ধপথে ওই প্রচণ্ড রবির কিরণে শুকাইয়া যাইবে—চলো, সহস্রে সহস্রে, লক্ষে লক্ষে, অর্বুদে অর্বুদে এই পৃথিবী ভাসাইব।

কে যুদ্ধ দিবে—বায়ু? ইস্! বায়ুর ঘাড়ে চড়িয়া দেশদেশান্তরে বেড়াইব। আমাদের এ বর্ষাযুদ্ধে বায়ু ঘোড়া মাত্র ; তাহার সাহায্য পাইলে স্থলে জলে এক করি। তাহার সাহায্য পাইলে বড়ো বড়ো গ্রাম, অট্টালিকা, পোত মুখে করিয়া ধুইয়া লইয়া যাই। তাহার ঘাড়ে চড়িয়া জানলা দিয়া লোকের ঘরে ঢুকি। বায়ু তো আমাদের গোলাম।

দেখো ভাই, কেহ একা নামিও না—ঐক্যেই বল, নহিলে আমরা কেহ নই। চলো, আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দু, কিন্তু পৃথিবী রাখিব। শস্যক্ষেত্রে শস্য জন্মাইব—মনুষ্য বাঁচিবে। নদীতে নৌকা চালাইব—মনুষ্যের বাণিজ্য বাঁচাইব। তৃণলতা বৃক্ষাদির পুষ্টি করিব—পশুপক্ষী, কীটপতঙ্গ বাঁচিবে। আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দু—আমাদের সমান কে? আমরাই সংসার রাখি।

*প্রশ্নাবলি* (যে কোনো **পাঁচটির** উত্তর দাও) :

*(i)* বৃষ্টিবিন্দুগুলির শক্তির উৎস কী?

*(ii)* ঐক্যবদ্ধ বৃষ্টিবিন্দুগুলি কী করতে পারে?

*(iii)* একটি বৃষ্টিবিন্দুর ক্ষমতা কতটা?

*(iv)* বৃষ্টিবিন্দুগুলিকে কে সাহায্য করে?

*(v)* বৃষ্টির দ্বারা আমরা কীভাবে উপকৃত হই?

*(vi)* 'চলো নামি'—'নামি' কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে?

*অথবা*

ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ, চায় দুটো ভাত একটু নুন,
বেলা ব'য়ে যায় খায়নিক' বাছা, কচি পেটে তার জ্বলে আগুন।
কেঁদে ছুটে আসি পাগলের প্রায়,
স্বরাজের নেশা কোথা ছুটে যায়!
কেঁদে বলি, ওগো ভগবান, তুমি আজিও আছ কি? কালি ও চুণ
কেন ওঠেনাক' তাহাদের গালে, যারা খায় এই শিশুর খুন!
আমরা তো জানি, স্বরাজ আনিতে পোড়া বার্তাকু এনেছি খাস!
কত শত কোটী ক্ষুধিত শিশুর ক্ষুধা নিঙাড়িয়া কাড়িয়া গ্রাস
এল কোটী টাকা, এল না স্বরাজ!
টাকা দিতে নারে ভুখারী সমাজ।
মা'র বুক হ'তে ছেলে কেড়ে খায়, মোরা বলি, বাঘ, খাও হে ঘাস!
হেরিনু, জননী মাগিছে ভিক্ষা ঢেকে রেখে ঘরে ছেলের লাশ।





বন্ধু গো, আর বলিতে পারি না, বড় বিষ-জ্বালা এই বুকে,
দেখিয়া শুনিয়া ক্ষেপিয়া গিয়াছি, তাই যাহা আসে কই মুখে,
রক্ত ঝরাতে পারি না তো একা,
তাই লিখে যাই এ রক্ত লেখা,
বড় কথা বড় ভাব আসে নাক' মাথায়, বন্ধু, বড় দুখে!
অমর কাব্য তোমরা লিখিও, বন্ধু, যাহারা আছ সুখে!

*প্রশ্নাবলি* :

*(i)* 'স্বরাজ' শব্দের অর্থ কী?

*(ii)* শিশুরা প্রধানত কী চায়?

*(iii)* 'বার্তাকু' কী?

*(iv)* কবির বুকে কিসের জ্বালা?

*(v)* কবি 'অমর কাব্য' লেখার দায়িত্ব কাদের উপর দিতে চাইছেন?

***